

স্মারক নং-৪৬.০২১.০০৪.০১.০০.৩১৭.২০১২- ৬৪৭

তারিখঃ ২৮/৬/২০১৮ খ্রিঃ।

বিষয়ঃ বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-১০০৬৮/২০১২ মামলার গত ৩০/০৭/২০১৩ খ্রিঃ তারিখের রায় হতে উদ্ভূত কনটেন্ট পিটিশন নং-৬২/২০১৮ এর রুল ও আরজির দফাওয়ারী জবাব প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ প্রধান প্রকৌশলী, ডিপিএইচইআর গত ১২/৬/২০১৮ তারিখের ৫৬৫৫ সংখ্যক স্মারক।

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আওতায় চাকুরি রাজস্বখাতে আত্মীকরণের জন্য ০৩(তিন) জন কর্মচারী বাদী হয়ে বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে ১০০৬৮/২০১২নং রিট পিটিশন দায়ের করেন। উক্ত রিট পিটিশনে গত ৩০/০৭/২০১৩ তারিখে রায়ে পিটিশনারদের চাকুরি রাজস্বখাতে আত্মীকরণের জন্য রেসপন্ডেন্টগণকে নির্দেশনা প্রদান করা হয়। সে মোতাবেক পিটিশনারদের চাকুরি রাজস্বখাতে আত্মীকরণ করা হয়েছে। কিন্তু পিটিশনারদের চাকুরির ধারাবাহিকতাসহ অন্যান্য সুবিধাদি প্রদানের জন্য উকিল নোটিশ প্রদান করেছেন। উক্ত নোটিশের জবাব নোটিশ প্রদানকারী বিজ্ঞ আইনজীবী ও এ বিভাগের আইন-২ শাখায় প্রেরণের জন্য প্রধান প্রকৌশলী, ডিপিএইচইআরকে অনুরোধ করা হয়। এ বিষয়ে প্রধান প্রকৌশলী, ডিপিএইচইআর কর্তৃক জানানো হয়েছে যে, যেহেতু প্রকল্প সমাপ্তির সাথে সাথে পিটিশনারদের চাকুরি সমাপ্ত হয়েছে এবং বর্ণিত পিটিশনারগণ অত্র অধিদপ্তরে কর্মরত ছিলেন না এবং প্রকল্প সমাপ্তির পর হতে রাজস্ব বাজেটে আত্মীকরণের পূর্ব পর্যন্ত পিটিশনারদের বিষয়ে তথ্যাদি অত্র অধিদপ্তরে সংরক্ষিত নেই। সেহেতু, বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের রায়/আদেশ মোতাবেক পিটিশনারদেরকে রাজস্ব বাজেটে আত্মীকরণ করা হয়েছে, বকেয়া বেতন ভাতাদি প্রদান বা চাকুরির ধারাবাহিকতা প্রদান করা সম্ভব হয়নি।

২। রিট পিটিশন নং-১০০৬৮/২০১২ মামলার গত ৩০/০৭/২০১৩ খ্রিঃ তারিখের আদেশ লঙ্ঘন করায় প্রতিপক্ষগণের বিরুদ্ধে কেন কনটেন্ট পিটিশন দায়ের করা হবে না সে মর্মে শৌকজ প্রদানপূর্বক আগামী ২৭/০৩/২০১৮ তারিখের মধ্যে জবাব প্রদানের জন্য এ বিভাগের সচিব মহোদয়কে ১নং প্রতিপক্ষ হিসেবে নোটিশ প্রদান করা হয়েছে। এ ছাড়া জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়কে ২নং, অর্থ বিভাগের সচিব মহোদয়কে ৩নং ও প্রধান প্রকৌশলী, ডিপিএইচইআরকে ৪নং প্রতিপক্ষ করা হয়েছে। বর্ণিত বিষয়ে সূত্রোক্ত পত্রে উল্লেখ করা হয়েছে কনটেন্ট পিটিশন নং-৬২/২০১৮ এর রুলনিশির জবাব প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট আদালতে দাখিল করার জন্য ৪নং কনটেন্টপিনার এর পক্ষে বিগত ২৩/৪/২০১৮ তারিখে এডভোকেট জনাব আব্দুল মজিদ মোল্লার মাধ্যমে ওকালতনামা দাখিল করা হয়েছে।

৩। এমতাবস্থায়, বর্ণিত কনটেন্ট পিটিশনের রুলনিশির জবাব ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পরবর্তী কার্যার্থে এতদসঙ্গে প্রেরণপূর্বক মামলাটি নিষ্পত্তির বিষয়ে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগের নিযুক্ত বিজ্ঞ প্যানেল আইনজীবী হিসেবে নির্দেশক্রমে তাঁকে অনুরোধ করা হলো।

৪। বিষয়টি অতিব জরুরি।

সংযুক্তঃ বর্ণনামতে - ১৩ - ফর্দ।


(মুহাম্মদ আনোয়ার পাশা)
উপসচিব
ফোনঃ ৯৫৪০১৯৭

জনাব মোঃ আশরাফুল আলম
বিজ্ঞ প্যানেল আইনজীবী
স্থানীয় সরকার বিভাগ।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ১। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ২। যুগ্মসচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ;
- ৩। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা;
- ৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৫। অফিস/মাস্টার কপি।